# জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযা বিষয়ে প্রশ্নাবলী

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইবন আব্দুল্লাহ ইব্‌ন বায রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ২৪ - জনৈক মহিলা কোন পারিশ্রমিক ছাড়াই মৃতদের গোসল দিতেন, যা মুসলিমদের জন্য অত্যন্ত প্রয়োজনীয় কাজ, তবুও তিনি কাজটি এ জন্য ছেড়ে দিয়েছেন যে, এ কাজের দ্বারা মানুষ নির্বোধ ও নির্দয় হয়ে যায়। তার এ মন্তব্যের উপর আমরা একমত পোষণ করব কি না?

উত্তর - মুসলিমদের প্রয়োজনের কথা বিবেচনা করে এ মহিলার জন্য উচিৎ যে, তিনি নিয়মিতভাবে মৃতদের গোসল দিয়ে যাবেন এবং আল্লাহর নিকট হতে পুরস্কারের দৃঢ় আশা রাখবেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

« من كان في حاجة أخيه كان الله في حاجته» (متفق عليه)

“যে তার ভাইয়ের প্রয়োজন পুরো করে, আল্লাহ তার প্রয়োজন পুরো করবেন”। (বুখারি ও মুসলিম)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেছেন,

« والله في عون العبد ما كان العبد في عون أخيه» (رواه مسلم)

“আল্লাহ ততক্ষণ বান্দার সাহায্যে লেগে থাকেন যতক্ষণ বান্দা তার ভাইয়ের সাহয্যে লেগে থাকে”। (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন